মেহেরপুরে ডিবির অভিযানে ফেনসিডিলসহ ২ যুবক আটক

৯ বোতল ফেনসিডিলসহ দুই মাদক কারবারিকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)র একটি টিম।

আটকরা হলেন, সদর উপজেলার রাইপুর মধ্যপাড়া এলাকার আল হামদু শেখের ছেলে আলমগীর হোসেন (৩৫) ও একই এলাকার বদর উদ্দীন শেখের ছেলে মফিজুল ইসলাম শেখ (৩৩)।

আজ মঙ্গলবার (৪ অক্টোবর) সাড়ে ৩ টার দিকে তেরঘরিয়া বিজান বিলের সামনে গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের ফেনসিডিলসহ আটক করেন।

ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) জুম্মান খান, এএসআই মাসুদ রানা ও সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।

ওসি সাইফুল আলম বলেন, মাদক পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অভিযান চালানো হয়। আটক মাদক কারবারীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় সোপর্দ করা হয়েছে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় কলেজ ছাত্র নিহত

গাংনী উপজেলার বামন্দী—কাজিপুর সড়কের হাড়াভাঙ্গা সেন্টার বাজার নামক স্থানে বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা লেগে নয়ন (১৭) নামের এক কলেজ ছাত্র নিহত ও অপরজন আহত হয়েছেন।

নিহত নয়ন গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের পশ্চিমপাড়া এলাকার ইমাদুল ইসলামের ছেলে ও গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

আজ সোমবার (৩ অক্টোবর) দিবাগত রাত সাড়ে ৮ টার দিকে মোটরসাইকেল যোগে তার মামা রহিদুল ইসলামের বাড়িতে আসছিলেন। মোটরসাইকেল দ্রুতগতিতে এসে হাড়াভাঙ্গা সেন্টার বাজারের উপর এসে মোটরাসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার একটি বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা খেয়ে রাস্তার উপর পড়ে যান।

এসময় মারাত্বক আাহত অবস্থায় তাকে উদ্ধার করে বামন্দীর একটি বেসরকারী ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন। এসময় আহত হন তারা মামাত ভাই পারভেজ হোসেন (১৮)।তাকে উদ্ধার করে একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে। বর্তমানে সে সুস্থ আছে।

স্থানীয়রা জানান, নিহত নয়ন ও তার মামাত ভাই পারভেজে একই মোটরসাইকেলে ফিরছিলেন। মোটরসাইকেল দ্রুত গতিতে চালাতে িগেয়ে রাস্তার উপর বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা খেয়ে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছেছে।

সৌদিতে সড়ক দুর্ঘটনায় গাংনীর ভবানীপুরের আলম হোসেন নিহত

সৌদি আরবের সড়ক দুর্ঘটনায় নিহত হলেন গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের আলম হোসেন (৩৫)।

আলম হোসেন ভাবনীপুর গ্রামের স্কুল পাড়া এলাকার ইদু মিয়ার ছেলে।

আজ সোমবার (৩ অক্টোবর) বাংলাদেশ সময় দুপুরের দিকে সৌদি আরবের রিয়াদ শহরের আজিজিয়া সড়কে প্রাইভেট কারের ধাক্কায় নিহত হন তিনি।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে স্থানীয় ভবানীপুর ওয়ার্ড মেম্বর রেজাউল হক জানান, আলম হোসেন মোটরাসাইকেল যোগে রিয়াদ শহরের

একটি হোটেলে খাবার আনতে যাচ্ছিলেন। এসময় পেছন থেকে একটি প্রাইভেট কার ধাক্কা দিলে ঘটনাস্থলেই মারা যান এই রেমিটেন্স যোদ্ধা।

২ সন্তানের জনক আলম হোসেন পরিবারের স্বচ্ছলতা ফেরাতে প্রায় ১৮ বছর আগে সৌদি আরবে যান। তার এক মাত্র ছেলে সৌদি আরবে রয়েছেন। এছাড়া মেয়ের বিয়ে হয়েছে।

পারিবারিকভাবে জানান, সৌদি আরবের আইনগত প্রক্রিয়া শেষে তাকে দেশে আনার প্রক্রিয়া শুরু হবে।

সামাজিক সম্প্রীতি ও আদর্শ সমাজ গঠনে উলামাদের আলোচনা

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, একটা অস্থির অবস্থার মধ্য দিয়ে বাংলাদেশ এখন একটা স্থির অবস্থায় এসেছে।
প্রধান মন্ত্রী কওমী মাদ্রাসার শিক্ষাকে আধুনিকায়ন করেছেন। কওমী মাদ্রাসা থেকে পড়া লেখা করে যাতে সম্মান জনক পেশাতে নিজেকে নিয়োজিত করতে পারে। কওমী মাদ্রাসার শিক্ষার সাথে আইসিটি, গণিত, ইংরেজি ও বিজ্ঞাণ শিক্ষাকে সম্পৃক্ত করা হয়েছে। যাতে তারা চাকুরীর ক্ষেত্রেও সমান সুযোগ পাই। বিসিএস করে ইউএনও, ডিসি ও সচিব হতে পারেন।

মেহেরপুর জেলা উলামা পরিষদ ও ইমাম পরিষদের উদ্যোগে সামাজিক সম্প্রীতি ও আদর্শ সমাজ গঠনে উলামাদের ভূমিকা শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী এসব কথা বলেন।

আজ সোমবার (৩ অক্টোবর) দুপুরে মেহেরপুর শিল্পকলা একাডেমীতে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা উলামা পরিষদের সভাপতি মাওলানা শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম, সদর উপজেলা নির্বাহি অফিসার মোঃ ওবায়দুল্লাহ।

প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আরো বলেন, যারা ইসলামের জ্ঞান এবং ইসলামকে নিয়ে যত বেশী চর্চা করতে পেরেছেন তিনি ততবেশী নিজেকে এবং নিজের নফসকে নিয়ন্ত্রণ করতে পেরেছেন। ইসলামের জ্ঞান চর্চা আমাদের চিন্তা করতে শেখায়।

একজন ভাল মানুষের প্রভাবে অনেকে ভাল হতে বাধ্য হয়। তিনি বলেন, গুজব মানুষের সব আমলকে ধংশ করে দেই। তারা গুজবের কারণে মানুষকে হত্যা করে। তাই গুজব থেকে দুরে থাকতে হবে। মাদক আমাদের সন্তানদের একটা ভয়াবহ পরিস্থিতির দিকে নিয়ে যেতে পারে। মাদককে দমন করতে মসজিদ থেকে মাদকের বিরুদ্ধে প্রচারণা চালাতে হবে।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন ওলামা পরিষদের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক মুফতি হাফিজুর রহমান।
অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ওলামা পরিষদের সভাপতি মাওলানা মোঃ শফিকুল ইসলাম, জাতীয় ইমাম সমিতির মেহেরপুর জেলা শাখার সভাপতি মাওলানা হাসানুজ্জামান, ওলামা পরিষদের মেহেরপুর জেলা শাখার সহ সভাপতি অধ্যাপক মাওলানা খাদিমুল ইসলাম, ওলামা পরিষদের গাংনী উপজেলা শাখার সভাপতি মাওলানা জাফর আলী, মাওলানা মিনারুল ইসলাম, মাওলানা শফিকুল ইসলাম প্রমুখ।

গাংনীর গণ ডাকাতির মামলায় আরো ২ যুবক গ্রেফতার

গাংনী উপজেলার বামন্দী-দেবীপুর সড়কে গাছ ফেলে গণ ডাকাতি মামলার ২ যুবককে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

তারা হলেন কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার বাহিরচর ষোলদাগ

গ্রামের মুন্সিপাড়া এলাকার আজিজ মন্ডলের ছেলে আশিক মন্ডল (২৫) ও একই জেলার খোকসা উপজেলা শহরের ২ নং ওয়ার্ড মাঠপাড়া এলাকার মৃত লিটন শেখের ছেলে পিপাসা আহম্মেদ আশিক (২০)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আতিক, রবিবার (২ অক্টোবর) দিবাগত রাতে এসআই মাসুদ, এসআই জাহিদসহ সঙ্গীয় ফোর্সসহ পৃথক দুটি অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

এসআই আতিকের নেতৃত্বে পুলিশের একটি টিম দিনাজপুর জেলার চিলির বন্দর থেকে পিপাসা আহম্মেদ আশিককে এবং এসআই মাসুদের নেতৃত্বে সঙ্গীয়ফোর্সসহ অপর একটি টিম ভেড়ামার ষোলদাগ গ্রামে অভিযান চালিয়ে আশিককে গ্রেফতার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, তথ্য প্রযুক্তি ব্যভহার করে আসামিদের সমন্ধে নিশ্চিত হয়ে পুলিশের টিম অভযান চালিয়ে তাদের গ্রেফতার করে থানায় নিয়ে আসেন।

এ নিয়ে ডাকাতির ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হলো। এর আগে গাংনী উপজেলার ঝোড়াঘাট গ্রামের ছুরমান মণ্ডলের ছেলে নুরুল ইসলাম নামের একজনকে আটক করে পুলিশ।

উল্লেখ্য, গত ২৪ সেপ্টেম্বর দিবাগত রাতে বামন্দী-দেবীপুর সড়কের বামন্দী পুলিশ ক্যাম্পের আদুরে রাস্তায় গাছের গুড়ি ফেলে প্রায় তিন ঘন্টা ব্যাপি ডাকাতি সংঘটিত করে ডাকাত দল। পথচারীদের মোবাইল ফোনসহ নগদ টাকা পয়সা নিয়ে যায় ডাকাত দল।

এঘটনায় পরের দিন গণডাকাতির ঘটনায় বামন্দী পশ্চিমপাড়ার ফজলুর রহমানের ছেলে রনি ইসলাম বাদি হয়ে গাংনী থানায় অজ্ঞাতনামা ১০-১২ জনের নামে মামলা দায়ের করেন। যার মামলা নম্বর ৩৬, তারিখ: ২৫.০৯.২২ইং।

উল্লেখ্য, গত ২৪ সেপ্টেম্বর রোববার দিবাগত রাতে বামন্দী-দেবিপুর সড়কে রাস্তায় কাঁঠালের গাছ ফেলে গণডাকাতির ঘটনা ঘটে।

ডাকাত দলের হাত থেকে ইউপি সদস্য, সাংবাদিক, পুলিশ, রোগী ও পথচারী কেউ রক্ষা পায়নি।

মেহেরপুরে দুই শিশুকে বিষ খাইয়ে হত্যার চেষ্টা মায়ের !

মধুর সাথে বিষ মিশিয়ে দুই সন্তানকে হত্যার চেষ্টা চালিয়েছেন মা। মূমুর্ষ অবস্থায় মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তবে, শবশু দুটির মা মনিকা খাতুনের মাথায় সমস্যা হয়েছে বলে জানিয়েছেন প্রতিবেশীরা।

রবিবার (২ অক্টোবর) বিকালের দিকে ঘটনাটি ঘটেছে মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামে। দুই শিশু হলো দিলরুবা (৮) ও হুসাইন (৩)। মনিকা খাতুন খাতুন কোলা গ্রামের দেলোয়ার হোসেনের স্ত্রী।

স্থানীয়রা জানান, মনিকা খাতুন তার দুই শিশুকে ডেকে নিয়ে মধুর সঙ্গে বিষ মিশিয়ে জোর করে খাইয়ে দেয়। কিছুক্ষণের মধ্যে দিলরুবা ও হোসাইন ছটফট করতে থাকে। তাদের ছটফট করতে দেখে প্রতিবেশীরা তাদের উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল নিয়ে আসেন।

এ রিপোট লেখা পর্যন্ত রাত ১১ টার সময় শিশু দুজনের অবস্থা আশঙ্কামুক্ত বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক। কি কারণে মা তার শিশু দুটিকে বিষ খাইয়ে হত্যা করতে চেয়েছিলো বলতে না পারলেও তারা জানিয়েছেন, মনিকার মাথায় সমস্যা রয়েছে। যে কারণে তার দুই সন্তানকে বিষ খাইয়ে থাকতে পারেন। এদিকে এ ঘটনার পর মনিকাকে তার পিতা-মাতা নিয়ে গেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি আরো বলেন বিষয়টি নিয়ে খোঁজ খবর নেয়া হচ্ছে।

গাংনীতে

প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে সেলাইমেশিন ও বাইসাইকেলে বিতরণ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উদযাপন উপলক্ষ্যে নারীদের কর্মসংস্থান তৈরি জন্য সেলাইমেশিন ও শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করার লক্ষে বাইসাইকেলে বিতরণ করা হয়েছে।

আজ রবিরার বিকালে প্রয়াত ছাত্র নেতা কামরুজ্জামান স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে এসকল উপকরণ বিতরণ করা হয়।

সাবেক ছাত্র নেতা শাহিদুজ্জামান শিপুরর নিজ কার্যলয়ে ৩৭ জন নারীকে সেলাই মেশিন ও ৩২ জন শিক্ষার্থীকে বাইসাইকেল উপহার দেওয়া হয়। মরহুম কামরুজ্জামান স্মৃতি ফাউন্ডেশনের সভাপতি জিয়াউল ইসলামের সভাপতিত্বে সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুরজ্জামান খোকন ।

এসময় সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন বলেন, একটি সেলাইমেশিন দিয়ে একটি পরিবারের খাবার তুলে দেয়া সম্ভব। ছাত্র-ছাত্রীদেরকে বাইসাইকেল প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিত হতে উৎসাহিত করবে। সারা বাংলাদেশের সামগ্রিক কল্যাণের মত গাংনীকে এগিয়ে নেয়ার জন্য কাজ করে যাচ্ছে আওয়ামীলীগ। প্রতিটা মানুষের ভালবাসায় সিক্ত হোক গাংনীর মানুষ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এডঃ ইব্রাহীম শাহীন,উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাস্টার মনিরুজ্জামান, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মী ও সহযোগী সংগঠনের নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দুস্থ অসহায় নারীদের মধ্যে সেলাইমেশিন ও চেক বিতরণ

মেহেরপুর সদর উপজেলার ১৬ জন দুস্থ অসহায় নারীর ঝে সেলাই মেশিন ও সমাজ সেবাপক্ষ থেকে হুইল চেয়ার ও চেকবিতরণ করা হেয়েছে।

আজ রবিবার (২ অক্টোবর) বেলা ১১ টার দিকে জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নিজ বাড়ি সংলগ্ন নিজ কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এসব বিতরণ করা হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেলাই মেশিন ও চেক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীলা হাফিয়া।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১৯ আসামি গ্রেফতার

মেহেরপুুরে পুলিশের গত ১২ ঘন্টার নিয়মিত অভিযানে এনআই মামলায় সাজাপ্রাপ্ত আসামিসহ ১৯ জন গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে এআই মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্তসহ ৫ জন, মুজিবনগর থানা পুলিশের অভিযানে নন জিআর মামলায় আদালতের পরোয়ানাভূক্ত একই পরিবারের ৩ ও সদর থানা পুলিশের অভিযানে ১১ আসামি রয়েছে।

শনিবার দিবাগত রাত ভর ও আজ রবিবার (২ অক্টোবর) ভোররাত পর্যন্ত

জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।

গাংনী থানা পুলিশের গ্রেফতারকৃতরা হলেন, ৪২০/৪০৬ ধারায় দায়ের করা ৪০৬/২১ নং মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামি এ উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের আশাদুল ইসলামের ছেলে বিল্লাল হোসেন, জমি জমা জাল করার সিআর ৮৩/২২ মামলার আসামি ভাটপাড়া গ্রামের খোরশেদ আলী মন্ডলের ছেলে হারেজ মন্ডল, চাঁদাবাজির অভিযোগে গাংনী থানায় দায়ের করা নিয়মিত মামলা নং ২০, তারিখ ২১/০৯/২২ এর আসামি বানিয়াপুকুর গ্রামের আসেল উদ্দীনের ছেলে রবিউল ইসলাম, কুষ্টিয়া থানায় এনআই এ্যাক্ট ১৩৮ ধারায় দায়ের করা মামলা নং ১১২১/২১ নং মামলার আসামি গাংনী শহরের খলিল উদ্দীনের ছেলে সালাউদ্দীন ও এনআই এ্যাক্টে দায়ের করা মামলা নং ৩২২৩/১৯ নং মামলায় ৬ মাসের কারাদন্ড ও দেড় লাখ টাকা জরিমানা সাজাপ্রাপ্ত আসামি জোড়পুকুরিয়া গ্রামের আব্দুল কাদেরের ছেলে সাহার আলীকে গ্রেফতার করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের উপপরিদর্শক (এসআই) আতিক, এসআই মাসুদ, এসআই রাতুলসহ অন্যান্য অফিসার ও সঙ্গীয় ফোর্সসহ পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

এদিকে মুজিবনগর থানা পুলিশের অভিযানে পারিবারিক কলহের জের ধরে দায়ের করা নন জিআর মামলা ৪/২২ এর আসামি জয়পুর গ্রামের রবিউল ইসলাম, তার স্ত্রী আনজিরা খাতুন ও ভাই শুকুর আলীকে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়েছে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাক, এসআই উত্তম কুমার ও এএসআই আব্দুল আলীমসহ সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে।

এছাড়া সদর থানা পুলিশের অভিযানে সদর থানায় নিয়মিত মামলা নং ১ তারিখ ০১/১০/২০২২ আসামি দক্ষিণশালিকা গ্রামের মৃত জসিম উদ্দীনের ছেলে ইমাদুল ইসলাম, হেরোইন বিক্রির অভিযোগে নিয়ামিত সদর থানার মামলার আসামি গোভীপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে লিখন হোসেন, লিয়াকত আলীর ছেলে শরিফুল ইসলাম, আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলা ১১৪/২২, আর ৪০৫/২২, পি ৪০৯/২২ মামলার আসামি আমঝুপি গ্রামের উত্তরপাড়া এলাকার মৃত মহসীন আলীর ছেলে লইতু, তার ছেলে সিআর ১১৪/২২ পি—৪১০/২২ আর ৪০৯/২২ নং মামলার আসামি মো: হাসান, আদালতের

পরোয়ানাভূক্ত সিআর মামলার আসামি আশরাফপুর গ্রামের মৃত খাদেমুল ইসলামের ছেলে খাদিমুল ইসলাম, সিআর ১৭৬//২২ মামলার আসামি পিরোজপুর গ্রামের গোলাম খাঁর ছেলে আব্দুর রশিদ, সিআর ২৬২/২২ পি—৪১৩/২২ নং মামলার আসামি মেহেরপুর শহরের পৌর কলেজপাড়া এলাকার ফিরোজ উদ্দীনের ছেলে শওকত ওসমান ও তার ভাই সিআর ২৬৯/২২, পি—৪১২/২২ মামলার আসামি উজ্জল হোসেন ও পারিজারি আইনে ১৩/২২ আর—৪১০/২২, পি ৪১৪/২২ নং মামলার আসামি কুতুবপুর গ্রামের আমির উদ্দীনের ছেলে জহিরুল ইসলামকে গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদধী রাসেলের নির্দেশে পুলিশের একাধিক টিম পৃথক অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করে।

আজ রবিবার (২ অক্টোবর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছেন।

মেহেরপুর-কুষ্টিয়া সড়কে বাস চলাচল বন্ধ

বাস মালিক ও শ্রমিকদের দ্বন্দের জেরে বাস চলাচল বন্ধ হয়ে গেছে মেহেরপুর কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কে। ফলে ভোগান্তি বেড়েছে অফিস আদালত ও স্কুল কলেজগামী শিক্ষার্থীসহ যাত্রীদের।

আজ রোববার (২ অক্টোবর) সকাল থেকে ছেড়ে যায়নি আন্তঃজেলা ও দূরপাল্লার কোনো পরিবহন। ফলে চরম ভোগান্তিতে পড়েছে সাধারণ মানুষ।

মেহেরপুর মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান জানান, গতকাল শনিবার (১ অক্টোবর) কুষ্টিয়ার এক বাস মালিকের সাথে এক শ্রমিকের দ্বন্দ্ব হয়। সে দ্বন্দ্বের জের ধরে কুষ্টিয়া থেকে মেহেরপুরের সকল বাস চলাচল বন্ধ করে দেয় কুষ্টিয়া মালিক সমিতি।

তবে গতকাল মেহেরপুর থেকে জেলার সীমান্ত খলিসাকুন্ডি পর্যন্ত ছেড়ে যায় মেহেরপুর আন্তজেলার বাস। ঢাকাগামী দুরপাল্লার নৈশকোচগুলোও মেহেরপুর থেকে ছেড়ে গেছে।

আজ রবিবার (২ অক্টোবর) সকাল থেকে মেহেরপুর মালিক সমিতির পক্ষ থেকে আন্তঃজেলা ও দূরপাল্লার সকল পরিবহন বন্ধ করে দেওয়া হয়। ফলে বন্ধ রয়েছে মেহেরপুর-কুষ্টিয়া সড়ক হয়ে দূরপাল্লার সকল পরিবহনও।

এদিকে, অনেক যাত্রীর মেহেরপুর-কুষ্টিয়া হয়ে ঢাকা যাওয়ার টিকিট কাটা ছিলো। সকালে কাউন্টারে এসে দেখেন পরিবহন চলাচল বন্ধ। ফলে অনেকের ঢাকাতে জরুরী কাজ থাকায় সত্ত্বেও গন্তব্যস্থলে যেতে পারছেন না।